গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ১২ এপ্রিল, ২০২৩ |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

**আলোচ্য সূচী:**

১। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা।

২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন।

৩। কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।

৪। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত।

৫। বিবিধ।

**আলোচনা**

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম এ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে এবং সেবাসমূহ ০৪/০৫/২০২৩ এর মধ্যে চালু রাখার ব্যাপারে নির্দেশনা রয়েছে। বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান যে একটি বিজ্ঞপ্তি/নোটিশ জারি করে উদ্ভাবকগণের নিকট থেকে প্রত্যয়ন নেয়া যেতে পারে। এ ব্যাপারে সভাপতি মহোদয় সদস্য সচিবকে বিজ্ঞপ্তি/নোটিশ জারির ব্যাপারে নির্দেশনা দেন এবং জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) কে কাজটি সম্পাদনের জন্য বলেন ও জনাব মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কে কাজটি সম্পাদনে সহায়তা করতে বলেন।

০২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়নের ব্যাপারে সদস্য সচিব জানান একটি কর্মপরিকল্পনা গত ২৬ অক্টোবর, ২০২২ তারিখে তৈরি করা হয়েছে এবং জিএসবি’র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সেখানে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় ৩০ জন কর্মকর্তার প্রশিক্ষণের কথা উল্লেখ রয়েছে। এ ব্যাপারে সভাপাত মহোদয় সদস্য সচিবকে মে মাসের ৩য় সপ্তাহে প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় বিষয় ভিত্তিক ২য় কর্মশালা আয়োজনের ব্যাপারে নির্দেশনা দেন।

০৩। কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন যে ৩ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে ও একটি বাকি আছে। জনাব মোঃ রিয়াজুল ইসলাম,

পরিচালক (রসায়ন) প্রশিক্ষণটি মে মাসের ৩য় সপ্তাহে করার ব্যাপারে গুরুত্ব তুলে ধরেন।


০৪। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যাপারে সভাপতি জানান যে মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশনা মোতাবেক আইডিয়া পরিদর্শনের জন্য খুলনা ওয়াসা, খুলনা ডেভেলপমেন্ট অথরিটি এবং খুলনা ফরেস্ট স্টেশন অফিসের পরিবর্তে জিএসবি'র কার্যক্রমের সাথে সম্পর্কিত পায়রা বন্দর কর্তৃপক্ষ ও বরিশাল সিটি কর্পোরেশন এ স্থানান্তর করা হয়েছে। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) জানান যে নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল আঞ্চলিক অফিস জিএসবি'র কার্যক্রমের সাথে অধিকতর সম্পর্কিত হওয়ায় এটি পরিদর্শন করা যেতে পারে। সভাপতি মহোদয় উদ্ভাবণী উদ্যোগ পরিদর্শনের জন্য উক্ত প্রতিষ্ঠানকে তাদের সম্মতি পত্র চেয়ে পত্র প্রেরণ করার ব্যাপারে সদস্য সচিব কে নির্দেশনা প্রদান করেন। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) জানান যে মে মাসের ৩১ তারিখের মধ্যে পরিদর্শন কাজ শেষ করার বাধ্যবাধকতা রয়েছে। সে মোতাবেক সেবা ক্রয়ের কাজ শেষ করা প্রয়োজন। এ ব্যাপারে সদস্য সচিব জানান সংগ্রহন কর্মকর্তার সাথে কথা হয়েছে এবং তার মাধ্যমে উন্মুক্ত দরপত্রে ক্রয় করতে হলে ৩ মাস সময় প্রয়োজন এবং সীমিত দরপত্রে ক্রয় করতে হলে এই ধরণের সেবা প্রদানে অভিজ্ঞ প্রতিষ্ঠান কে জিএসবিতে তালিকাভুক্ত থাকা প্রয়োজন। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) সেক্ষেত্রে পূর্বের বছরের ন্যায় সেবা ক্রয় করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। সভাপতি মহোদয় সে মোতাবেক সেবা ক্রয় করার লক্ষ্যে ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে এ ব্যাপারে অভিজ্ঞ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তাদের শিডিউল কমিটিতে পেশ করতে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা। | সদস্য সচিব উদ্ভাবকগণের নিকট থেকে প্রত্যয়ন নেয়ার জন্য বিজ্ঞপ্তি/নোটিশ জারি করবেন। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) কাজটি সম্পাদন করবেন ও জনাব মো: মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কাজটি সম্পাদনে সহায়তা করবেন। |
| ২। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় জিএসবি কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে মে মাসের ৩য় সপ্তাহে একটি প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় বিষয় ভিত্তিক ২য় কর্মশালা আয়োজন করা হবে। |
| ৩। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | মে মাসের ৩য় সপ্তাহে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ প্রশিক্ষণ আয়োজন করা হবে। |
| ৪। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত। | নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল আঞ্চলিক অফিস পরিদর্শন করা হবে। ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) পরিদর্শন আয়োজনে অভিজ্ঞ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তাদের শিডিউল কমিটিতে পেশ করবেন। |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৫ তারিখ: ৪ বৈশাখ ১৪৩০

১৭ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম